

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫২

আগরতলা, ১৮ জুন, ২০২৪

পিএম-কিষাণ ঃ কৃষকদের ১৭তম কিস্তি প্রদান

যুবরাজনগর কৃষি মহকুমায় ৬,৮৫৩ জন কৃষক উপকৃত

প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি যোজনায় আজ দেশের কৃষকদের মধ্যে ১৭তম কিস্তির টাকা প্রদান করা হয়েছে। এ উপলক্ষে উত্তর ত্রিপুরা জেলার যুবরাজনগর ব্লকের কনফারেন্স হলে যুবরাজনগর কৃষি মহকুমা ভিত্তিক এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে পিএম-কিষাণ যোজনায় ১৭তম কিস্তি প্রদানের অনুষ্ঠানটি বেনারস থেকে সরাসরি সম্প্রচার করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক যাদবলাল নাথ, যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীপদ দাস, যুবরাজনগর ব্লকের বিডিও দেবপ্রিয়া দাস ও যুবরাজনগর কৃষি মহকুমার তত্ত্বাবধায়ক বিজন শর্মা।
